**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

## ঢাকা, সোমবার ৮ ফেব্রুয়ারি ২০১৬, ২৬ মাঘ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বাংলাদেশের সঙ্গে সম্পর্ক নতুন উচ্চতায় নিতে চায় ভারত : প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে হর্ষ বর্ধন শ্রিংলার সাক্ষাৎ

২। জাতিসংঘ প্যানেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা : জাতিসংঘ মহাসচিবের প্রস্তাব

৩। ২০৪১ সালে বাংলাদেশ উন্নত ও সমৃদ্ধ দেশে পরিণত হবে : অর্থমন্ত্রী

৪। দেশের ৬৮ কারাগারের বন্দীদের ডাটাবেজ সংরক্ষণ করা হয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। এডিপি বাস্তবায়নে টেকসই সক্ষমতা বাড়াতে হবে : পরিকল্পনামন্ত্রী

৬। মেট্রোরেল প্রকল্পে আরো দুটি লেন সংযোজন হবে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৭। এ বছর বাংলাদেশ থেকে ২ লাখ কর্মী নেবে কাতার

৮। আপীল বিভাগে তিন বিচারপতি নিয়োগ

৯। জাতীয় সংসদে উদ্বৃত্ত সরকারি কর্মচারী আত্তীকরণ আইন পাস

১০। জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় পরিবর্তিত পরিবেশের উপযোগী ফসলের জাত উদ্ভাবন করতে হবে

১১। এসএ গেমস্-এ বাংলাদেশের দুটি স্বর্ণ জয়

চলমান পাতা/২

**১। বাংলাদেশের সঙ্গে সম্পর্ক নতুন উচ্চতায় নিতে চায় ভারত :**
**প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে হর্ষ বর্ধন শ্রিংলার সাক্ষাৎ**

বাংলাদেশে নবনিযুক্ত ভারতের হাই কমিশনার হর্ষ বর্ধন শ্রিংলা বলেছেন, বাংলাদেশের সঙ্গে সম্পর্ককে ভারত সবচেয়ে বেশি গুরুত্ব দেয়। আমরা এ সম্পর্ককে নতুন উচ্চতায় নিয়ে যেতে চাই। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গতকাল ৭ ফেব্রুয়ারি রোববার তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎকালে ভারতীয় হাই কমিশনার একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.৩), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮)।

**২। জাতিসংঘ প্যানেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা : জাতিসংঘ মহাসচিবের প্রস্তাব**

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফোন করেছেন জাতিসংঘ মহাসচিব বান কি মুন। গতকাল ৭ ফেব্রুয়ারি রোববার রাত ৮টায় জাতিসংঘ মহাসচিব এ ফোন করেন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম। তিনি বলেন, ফোনালাপে তারা পারস্পরিক শুভেচ্ছা বিনিময় করেন। এরপর বান কি মুন বাংলাদেশের প্রধানমন্ত্রীকে জানান, জাতিসংঘ 'ইউনাইটেড ন্যাশনস হাইলেভেল প্যানেল অন ওয়াটার' নামে একটি প্যানেল করতে যাচ্ছে। এ প্যানেলে বাংলাদেশের প্রধানমন্ত্রীকে সদস্য হিসেবে রাখার প্রস্তাব করেন বান কি মুন। প্রধানমন্ত্রী এ প্রস্তাবে সম্মতি জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ডেইলি স্টার** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**৩। ২০৪১ সালে বাংলাদেশ উন্নত ও সমৃদ্ধ দেশে পরিণত হবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, আর্থসামাজিক উন্নয়নের যে সুদৃঢ় ভিত রচিত হয়েছে তাতে সরকারের সুদক্ষ ও গতিশীল নেতৃত্ব এবং জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে ২০৪১ সাল নাগাদ বাংলাদেশ উন্নত ও সমৃদ্ধ দেশে পরিণত হবে। গতকাল ৭ ফেব্রুয়ারি রোববার দশম জাতীয় সংসদের নবম অধিবেশনের ১২তম কার্যদিবসে ২০১৫-১৬ অর্থবছরের প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর) পর্যন্ত বাজেট বাস্তবায়ন অগ্রগতি ও আয়-ব্যয়ের গতিধারা এবং সামষ্টিক অর্থনৈতিক বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদনে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১)।

**৪। দেশের ৬৮ কারাগারের বন্দীদের ডাটাবেজ সংরক্ষণ করা হয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, যেসব অপরাধী দেশ ও নাম পরিবর্তন করে তাদের শনাক্ত করতে ডাটাবেজ সংরক্ষণ করা হয়েছে। দেশে ৬৮ কারাগারে আটক বন্দীদের সব তথ্য ওই ডাটাবেজে রয়েছে। অপরাধ কমানোর জন্য এটি তৈরি করা হয়েছে। এই সফটওয়্যারের মাধ্যমে কোন আসামি বাইরে যাচ্ছে, কে ভেতরে থাকছে সব তথ্যই জানা যাবে। গতকাল ৭ ফেব্রুয়ারি রোববার র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের সদর দফতরে 'র‌্যাব-প্রিজন ইনমেট ডাটাবেজ'-এর উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ তথ্য জানান। সূত্র-**ইনকিলাব** (পৃ.১, ক.১), **সংবাদ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

**৫। এডিপি বাস্তবায়নে টেকসই সক্ষমতা বাড়াতে হবে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, এডিপির আকার মাত্র সাত বছরে ২১ হাজার কোটি টাকা থেকে বৃদ্ধি পেয়ে বর্তমান অর্থবছরে এক লাখ ৩০০ কোটি টাকায় উন্নীত হয়েছে। বিশাল বাজেটের এডিপির বাস্তবায়নে সক্ষমতা বাড়াতে হবে। টিমওয়ার্কের মাধ্যমে আমাদের টেকসই সক্ষমতা গড়ে তুলতে হবে। আমাদের সামনে অগ্রগতির বিদ্যমান সুযোগ কাজে লাগাতে হবে। গতকাল ৭ ফেব্রুয়ারি রোববার ঢাকায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন-এর ৫৬তম কনভেনশন উপলক্ষে আয়োজিত 'টেকসই উন্নয়নের জন্য গুণগত প্রকৌশল' বিষয়ক সেমিনারের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ. ক.৫), **সংবাদ** (পৃ.১৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫)।

চলমান পাতা/৩

**৬। মেট্রোরেল প্রকল্পে আরো দুটি লেন সংযোজন হবে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মূল মেট্রোরেল প্রকল্পের ১ ও ৫ নাম্বার রুটে দুটি লেন সংযোজন হবে। একটি লেন হবে গাজীপুর থেকে ঝিলমিল পর্যন্ত ৪২ কিলোমিটার। অপরটি রাজধানীর গাবতলী থেকে নারায়ণগঞ্জের তুলতা পর্যন্ত। এ দুটি মেট্রোরেল লেনের উপযোগিতা যাচাই চলতি বছরেই শুরু থেকে। গতকাল ৭ ফেব্রুয়ারি রোববার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন মিলনায়তনে আইইবির ৫৬তম কনভেনশনে 'এক্সিলেন্স ইন ইঞ্জিনিয়ারিং ইন সাসটেইনেবল ডেভেলপমেন্ট' শীর্ষক জাতীয় সেমিনারের প্রথম পর্বে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**যায়যায়দিন** (পৃ.৩,ক.২), **ইনকিলাব** (পৃ.১,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৩), **ফিনালন্সিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

**৭। এ বছর বাংলাদেশ থেকে ২ লাখ কর্মী নেবে কাতার**

প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি জানিয়েছেন, এ বছরে নির্মাণসহ বিভিন্ন খাতে বাংলাদেশ থেকে দুই লাখের বেশি কর্মী নেবে কাতার। কাতার থেকে ফিরে গতকাল ৭ ফেব্রুয়ারি রোববার রাজধানীর প্রবাসীকল্যাণ ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানান মন্ত্রী। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **ডেইলি অবজারভার** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

**৮। আপীল বিভাগে তিন বিচারপতি নিয়োগ**

উচ্চ আদালতে দীর্ঘদিনের পুঞ্জীভূত মামলার জট নিরসন ও বিচারপতি সঙ্কট দূর করতে হাইকোর্ট বিভাগ থেকে গতকাল ৭ ফেব্রুয়ারি রোববার আপীল বিভাগে তিন বিচারপতি নিয়োগ দেওয়া হয়েছে। এরা হলেন বিচারপতি মির্জা হোসেইন হায়দার, বিচারপতি মো. নিজামুল হক নাসিম ও বিচারপতি মোহাম্মদ বজলুর রহমান। তাদের তিনজনকে নিয়ে সুপ্রীমকোর্টের আপীল বিভাগে বিচারপতির সংখ্যা দাঁড়ালো ৯ জন। আইন মন্ত্রণালয়ের সচিব আবু সালেহ শেখ মো. জহিরুল হক বলেন, রাষ্ট্রপতির অনুমোদন পাওয়ার পর গতকাল ৭ ফেব্রুয়ারি রোববার এই নিয়োগের আদেশ জারি করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.৩,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

**৯। জাতীয় সংসদে উদ্বৃত্ত সরকারি কর্মচারী আত্তীকরণ আইন পাস**

আইনের অধীনে জারিকৃত আদেশের বিরুদ্ধে কোনো আদালতের কাছে প্রশ্ন তোলার এখতিয়ার না দিয়ে 'উদ্বৃত্ত সরকারি কর্মচারী আত্তীকরণ আইন, ২০১৬' পাস করেছে জাতীয় সংসদ। গতকাল ৭ ফেব্রুয়ারি রোববার জাতীয় সংসদের নবম অধিবেশনের বৈঠকে কণ্ঠভোটে আইনটি পাস হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৯), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**১০। জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় পরিবর্তিত পরিবেশের উপযোগী ফসলের জাত উদ্ভাবন করতে হবে**

বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় পরিবর্তিত পরিবেশের সঙ্গে খাপ খাওয়াতে সক্ষম ফসলের জাত উদ্ভাবন ও বাছাইয়ের দিকে সবচেয়ে বেশি গুরুত্ব দিতে হবে। একই সঙ্গে এসব নতুন জাত কৃষকের কাছে দ্রুত পৌঁছানোর ব্যবস্থা করতে হবে। পাশাপাশি কৃষক যাতে উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য পান তাও নিশ্চিত করতে হবে। গতকাল ৭ ফেব্রুয়ারি রোববার রাজধানীর ব্র্যাক সেন্টারে আয়োজিত 'জলবায়ুসহিষ্ণু প্রযুক্তি : সম্ভাবনা ও প্রতিবন্ধকতা' শীর্ষক এক গবেষণাপত্রে এসব তথ্য উঠে আসে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **সমকাল** (পৃ.৪,ক.৩),**নিউ নেশন** (শেষ পৃ.,ক.৬), **ফিনালন্সিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৪)।

**১১। এসএ গেমস্‌-এ বাংলাদেশের দুটি স্বর্ণ জয়**

গতকাল ৭ ফেব্রুয়ারি রোববার এসএ গেমসের তৃতীয় দিনটিকে সোনালি রঙে রাঙালেন লাল-সবুজের অ্যাথলেটরা। ব্রোঞ্জ ও রুপার পর এবার একই দিনে দুটি স্বর্ণ জিতল বাংলাদেশ। মাবিয়া আক্তার সিমান্ত গতকাল ৭ ফেব্রুয়ারি রোববার ভারতের গৌহাটির ভোগেশ্বরী ফুকানানি ইনডোর স্টেডিয়ামে ভারত্তোলনে স্বর্ণপদক জয় করেন। অন্যদিকে একই দিনে দেশকে আরও একটি স্বর্ণপদক এনে দিয়েছেন সাঁতারু মাহফুজা আক্তার শিলা। সূত্র-**যুগান্তর** (পৃ.১, ক.৮), **প্রথম আলো** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

চলমান পাতা/৪

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো :** পুলিশ বিভাগের নীতি অনুযায়ী ভূসম্পত্তি না থাকার কারণে চা শ্রমিক বাবা-মায়ের সন্তান কলিন্স রোজারিও ও রাজু প্রসাদ পুলিশ বিভাগের কনস্টেবল পদে চূড়ান্ত বাছাইয়ে টিকে গেলেও পরবর্তীতে বাদ পড়ায় উদ্বেগ প্রকাশ করে এ বিভাগের অন্যায্য নীতিমালাটি পরিবর্তনের সুপারিশ।

খ. **ইত্তেফাক :** প্রথমবারের মতো আইসিসি অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপে বাংলাদেশ সেমিফাইনালে উঠায় অভিনন্দন জানিয়ে ভবিষ্যতে তারা বিশ্ব চ্যাম্পিয়ন হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **জনকণ্ঠ :** ঢাকা আর্ট সামিটের মতো সম্মেলনে এক দেশের শিল্পীর সঙ্গে অন্য দেশের শিল্পীর ভাব ও অভিজ্ঞতার আদান-প্রদানের যে সুযোগ সৃষ্টি হয়েছে এ ধারাবাহিকতা বজায় রাখতে হবে বলে মত প্রকাশ।

ঘ. **সংবাদ :** জলাভূমি কমে যাওয়ায় রাজধানীসহ এর আশেপাশের এলাকার পরিবেশ বিপন্ন হয়ে পড়ার কথা উল্লেখ করে রাজধানীকে বাসযোগ্য করতে এসব জলাশয় পুনরুদ্ধার ও রক্ষার আহ্বান।

ঙ. **সমকাল :** বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অর্ধেক আসনই ফাঁকা বলে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের এক প্রতিবেদনে প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে শিক্ষার্থী বাড়াতে প্রতিষ্ঠানগুলোর শিক্ষার মান বাড়ানোর ওপর গুরুত্বারোপ;

চ. **ডেইলি স্টার :** নাটোরের তেবাড়িয়া ইউনিয়নে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ২৬৬টি গাছ কেটে ফেলার ঘটনা তুলে ধরে প্রাকৃতিক সম্পদের সুরক্ষায় গাছ না কাটার ওপর গুরুত্বারোপ;

ছ. **ইন্ডিপেনডেন্ট :** জ্ঞানের অনুশীলন এবং গবেষণার ব্যবস্থা করে বেসরকারি বিশ্ববিদ্যালয়কে আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানের আবাসস্থলে পরিণত করে তুলতে রাষ্ট্রপতি যে আহ্বান জানিয়েছেন তার পরিপ্রেক্ষিতে সব ধরনের বিশ্ববিদ্যালয়কেই গবেষণার ওপর গুরুত্বারোপ করার সুপারিশ।

জ. **ডেইলি সান, যুগান্তর :** আগামী ২০ বছরের মধ্যে সুন্দরবনের সুন্দরী গাছ বিলীন হয়ে যাওয়ায় পরিবেশ বিপর্যয়ের আশঙ্কা তুলে ধরে সমূহ ক্ষতি হওয়ার আগেই সুন্দরবন রক্ষায় সবাইকে সচেতন হয়ে যার যার দায়িত্ব পালন করবে বলে অভিমত।

ঝ. **নিউজ টুডে :** রাজধানীর সুরক্ষায় বুড়িগঙ্গা, শীতলক্ষ্যা, বালু ও তুরাগ নদীগুলো অবৈধ দখলমুক্ত ও দূষণমুক্ত করতে আইনি ব্যবস্থা জোরদার করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে মানসম্মত শিক্ষা দিয়ে শিক্ষার্থীদের মানবসম্পদে পরিণত করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'ওষুধ নিয়ে কিছু দরকারি কথা'** শিরোনামের নিবন্ধে মুনীর উদ্দিন আহমদ কোনো কোনো ক্ষেত্রে ওষুধের চেয়ে সেবাযত্ন ও নিয়মতান্ত্রিক জীবনযাপন রোগীর জন্য বেশি উপকারী হতে পারে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/শুকলা/মরজিনা/সাঈদা/বিপ্লু/২০১৬/৯.০০ ঘণ্টা